



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/4/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

NYS হেল্থ কমিশনার ড. হাওয়ার্ড জুকার মেয়র বিল ডি ব্লাসিওর দ্বিতীয় টিকা ডোজকে প্রথম ডোজ হিসাবে ব্যবহার করার অনুরোধে সাড়া দিয়েছেন

"সবচেয়ে গুরুত্বপূর্ণ, এবং নিশ্চিতভাবে, CDC, যা এখন প্রেসিডেন্ট বাইডেনের দলের নেতৃত্বে, প্রথম ডোজের জন্য দ্বিতীয় ডোজ ব্যবহারের সুপারিশ করে না। আমি CDC এর সাথে নিয়মিত যোগাযোগ করছি, আজ সকালেও এই বিষয়ে যোগাযোগ করেছি, যখন তারা দ্বিতীয় ডোজকে প্রথম ডোজ হিসেবে ব্যবহার করার বিরোধিতা করেছে।"

নিউ ইয়র্ক স্টেট হেল্থ কমিশনার ড. হাওয়ার্ড এ জুকার আজ মেয়র বিল ডি ব্লাসিওর COVID টিকার দ্বিতীয় টিকা ডোজকে প্রথম ডোজ হিসাবে ব্যবহার করার অনুরোধে সাড়া দিয়েছেন।

মেয়রকে ড. জুকারের পাঠানো চিঠির সম্পূর্ণ লেখাটি নিচে পাওয়া যাবে:

ফেব্রুয়ারি 4, 2021

প্রাপক মেয়র ডি ব্লাসিও,

আমি 3রা ফেব্রুয়ারি তারিখে আপনার চিঠি পেয়েছিলাম যাতে স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থের (State Department of Health, DOH) অনুমোদন চাওয়া হয় যাতে COVID-19 টিকার দ্বিতীয় ডোজকে প্রথম ডোজ হিসেবে ব্যবহার করা হয়।

আপনারা হয়তো জানেন, এবং আমি নিশ্চিত যে আপনার স্বাস্থ্য কমিশনার আপনাকে পরামর্শ দিয়েছেন, প্রথম ডোজের জন্য দ্বিতীয় COVID-19 টিকা ডোজের ব্যবহার শীর্ষ জাতীয় এবং আন্তর্জাতিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের দ্বারা আলোচিত হচ্ছে।

কিছু স্বাস্থ্য কর্মকর্তা আছেন যারা প্রথম ডোজ হিসেবে দ্বিতীয় ডোজ ব্যবহারের পক্ষে সমর্থন করেন। এই বিশেষজ্ঞরা উল্লেখ করবেন যে তাদের সুপারিশ একটি ফেডারেলভাবে সুরক্ষিত টিকা উৎপাদন বৃদ্ধির উপর ভিত্তি করে যা আগামী সপ্তাহগুলোতে অতিরিক্ত ডোজের চাহিদা পূরণ করতে হবে। এছাড়াও স্বাস্থ্য বিশেষজ্ঞরা আছেন যারা দৃঢ়ভাবে দ্বিতীয় ডোজকে প্রথম ডোজ হিসেবে ব্যবহারের বিরোধিতা করেন কারণ তারা বিশ্বাস করেন যে এই বৃদ্ধি রক্ষণাবেক্ষণের জন্য উৎপাদন অপরিপূর্ণ। এমনকি এমন একটি চিন্তাধারা রয়েছে যা ইঙ্গিত দেয় যে প্রথম ডোজ এবং দ্বিতীয় ডোজের মধ্যে

বিলম্বের ফলে ভাইরাল ভ্যারিয়েন্টের চাপ দেখা দিয়েছে। পরিষ্কারভাবে চিকিৎসা সম্প্রদায় এই বিষয়ে মিশ্র মতামত পোষণ করে।

সবচেয়ে গুরুত্বপূর্ণ, এবং নিশ্চিতভাবে, CDC, যা এখন প্রেসিডেন্ট বাইডেনের দলের নেতৃত্বে, প্রথম ডোজের জন্য দ্বিতীয় ডোজ ব্যবহারের সুপারিশ করে না। আমি CDC এর সাথে নিয়মিত যোগাযোগ করছি, আজ সকালেও এই বিষয়ে যোগাযোগ করেছি, যখন তারা তাদের দ্বিতীয় ডোজকে প্রথম ডোজ হিসেবে ব্যবহার করার বিরোধিতা করেছে। CDC এর কাছে এমন কিছু তথ্য আছে যা আমাদের কাছে নেই। CDC এর ভবিষ্যৎ টিকা উৎপাদন সময়সূচী সম্পর্কে ঘনিষ্ঠ জ্ঞান আছে যেহেতু এটি ফেডারেলভাবে নিয়ন্ত্রিত এবং তাদের মতামত জাতীয় এবং আন্তর্জাতিক চিকিৎসা পেশাজীবী যারা এই ভাইরাস নিয়ে গবেষণা করছে তাদের দেওয়া তথ্যের উপর ভিত্তি।

গভর্নর কুওমো ইতোমধ্যে বলেছেন যে যদি CDC এর প্রথম ডোজের জন্য দ্বিতীয় ডোজ ব্যবহারের সুপারিশ করে তাহলে তিনি প্রস্তুত, ইচ্ছুক এবং একটি রাষ্ট্রব্যাপী কর্মসূচী পরিচালনা করতে সক্ষম হবেন যা ঠিক সেটাই করবে। যদি CDC এমন একটি পর্যায়ে পৌঁছায় যেখানে তারা দ্বিতীয় ডোজ ব্যবহারের সুপারিশ করে, তাহলে এটা ধরে নেওয়া উচিত যে CDC রক্ষণাবেক্ষণের সুপারিশ করবে যাতে দ্বিতীয় ডোজ সময়মত পাওয়া যায়। আপনার পরামর্শ যে দ্বিতীয় ডোজ প্রাপ্ত ব্যক্তিদের "সংশ্লিষ্ট বিলম্ব" গ্রহণযোগ্য হবে যদিও এটি একটি সতর্কতা পতাকা উত্তোলন করে। মানুষ একটি টিকা অ্যাপয়েন্টমেন্ট পেতে কঠোর পরিশ্রম করেছে এবং অনেক জনগণের উদ্বেগ আছে যে তাদের অ্যাপয়েন্টমেন্টের তারিখে দ্বিতীয় ডোজ পাওয়া যাবে না। যদিও এই "সংশ্লিষ্ট বিলম্ব" যে সম্পূর্ণ অনাক্রম্যতার উপর প্রভাব ফেলবে কিনা সে বিষয়ে বিজ্ঞান উন্মুক্ত এবং বিতর্কিত, আমি বিশ্বাস করি যে যারা অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করেছে তাদের এই সাক্ষাৎকারগুলো "সংশ্লিষ্ট বিলম্বের" জন্য স্থানান্তর করা হচ্ছে বলা অযৌক্তিক উদ্বেগের সৃষ্টি করবে। আপনি জানেন টিকাকরণ প্রক্রিয়া এবং সরবরাহ জনগণের আস্থা বৃদ্ধি করেনি। এমনকি সাম্প্রতিক তুষার ঝড়ের কারণে অ্যাপয়েন্টমেন্ট স্থগিত করা ও উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে, আমি বিশ্বাস করি যে সকল নির্ধারিত অ্যাপয়েন্টমেন্টকে সম্মান করা জরুরি।

আমি নিউ ইয়র্ক সিটি এবং অন্যান্য স্থানীয় অধিক্ষেত্রকে অনুরোধ করব তাদের 1B প্রয়োজনীয় কর্মী এবং অগ্রাধিকার হাসপাতালের কর্মীদের টিকা দেওয়া এবং নিম্ন কর্মক্ষমতা সম্পন্ন হাসপাতালগুলোর মোকাবেলা করার উপর তাদের মনোযোগ অব্যাহত রাখতে। হাসপাতালের কর্মীদের টিকাকরণের হারের পার্থক্য 50 শতাংশের বেশি হতে পারে। আমাদের আরও ভালো করতে হবে। আমরা বেসরকারি হাসপাতালগুলোর সাথে কাজ করছি যারা তাদের কর্মক্ষমতা বাড়িয়ে দিয়েছে এবং এই বিষয়ে আপনার নিয়ন্ত্রণাধীন সরকারি হাসপাতালগুলোর প্রতি আপনার মনোযোগ আকর্ষণের আহ্বান জানাচ্ছি। আমরা জানি যে যদি কোন ধরনের সংক্রমণের হার বৃদ্ধি পায়, তাহলে হাসপাতালের ক্ষমতা আবার একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে উঠবে এবং যে সব হাসপাতালে টিকা দেওয়া কর্মীর সংখ্যা কম, তারাই সম্ভবত প্রথম ব্যর্থ হবে।

আপনি জানেন, গভর্নর কুওমো টিকা সরবরাহ সংগ্রহ এবং টিকা বাস্তবায়নে অত্যন্ত আগ্রাসী ভূমিকা নিয়েছেন। যদি CDC প্রকৃতপক্ষে প্রথম ডোজ হিসেবে দ্বিতীয় ডোজকে ব্যবহারের সুপারিশ করে, আমি আপনাকে আশ্বস্ত করতে পারি যে নিউ ইয়র্ক জাতীয় মডেল নির্ধারণ করবে।

বিনীত,

ড. হাওয়ার্ড এ. জুকোর, M.D., J.D.

স্বাস্থ্য কমিশন

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)